তারিখ 13 JAN 2016
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক জনকণ্ঠ

# রাবির চার শিক্ষককে হুমকি

রাবি সংবাদদাতা ॥ চাঁদার দাবিতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) চার শিক্ষককে মুঠোফোনে হুমকি দেয়া হয়েছে। সোমবার রাতে এবং মঙ্গলবার দুপুরে একই এয়ারটেল নম্বর (০১৬৩০২৯৮১৫৭) থেকে ফোন করে তাদের হুমকি দেয়া হয়।

একের পর এক হুমকির ঘটনায় নিজের এবং পরিবারের নিরাপত্তা নিয়ে শঙ্কায় আছেন ওই শিক্ষকরা। শিক্ষকরা হলেন, প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক ড. বিধান চন্দ্র দাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সভাপতি প্রফেসর ড. আজিজুল হক, একই বিভাগের সহযোগী অধ্যাপক ও শাহ মখদুম হলের প্রাধ্যক্ষ ড. জাহাঙ্গীর আলম এবং এনিমেল হাজবেন্ডি এন্ড ভেটেরিনারি সায়েন্স বিভাগের সহযোগী অধ্যাপক ড. এস এম কামরুজ্জামান।